

সীমিত

নৌবাহিনী সদর দপ্তর  
অপারেশন্স শাখা  
হাইড্রোগ্রাফি পরিদপ্তর  
বনানী, ঢাকা ১২১৩

ফোনঃ ৯৮৩৬১৪১-৯/২১১২

E-mail: dhydro@navy.mil.bd

০২ জ্যেষ্ঠ ১৪৩১

০৭ মে ২০২৪


২৩.০২.২৬২৬.১২৬.২৪.০৫১.২৪. ৪০০০

**বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৪ উপলক্ষ্যে INDUSTRY EXHIBITION এ অংশগ্রহণ প্রসঙ্গে**

১। বৈশ্বিকভাবে হাইড্রোগ্রাফিক কর্মকান্ডের গুরুত্ব সকলের নিকট তুলে ধরার প্রয়াসে International Hydrographic Organization (IHO) কর্তৃক প্রতিবছর ২১ জুন বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস উদযাপন করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ নৌবাহিনীর আয়োজনে আগামী ২৫ জুন ২০২৪ তারিখে উক্ত দিবসটি উদযাপন করা হবে। ২০০১ সালে IHO এর সদস্যপদ প্রাপ্তির পর বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশ নৌবাহিনীও ২০০৬ সাল থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে ২১ জুন বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস সফলতার সাথে পালন করে আসছে। IHO কর্তৃক এবছর দিবসটির প্রতিপাদ্য বিষয় হিসেবে "Hydrographic Information - Enhancing Safety, Efficiency and Sustainability in Marine Activities" নির্ধারণ করা হয়েছে।

২। দিবসটি উদযাপন উপলক্ষ্যে আগামী ২৫ জুন ২০২৪ তারিখে বাংলাদেশ নৌবাহিনীর তত্ত্বাবধানে ঢাকায় একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত নৌসদর কর্তৃক গৃহীত হয়েছে। সেমিনারটি ঢাকার বিজয় সরণীতে অবস্থিত বঙ্গবন্ধু সামরিক যাদুঘরের মাল্টিপারপাস হলে আয়োজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, উক্ত সেমিনারে Hydrography, Oceanography ও Meteorology সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রস্তুতকারী সংস্থাসমূহের স্থানীয় প্রতিনিধিদের অংশগ্রহণে একটি Industry Exhibition আয়োজনেরও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রদর্শনীতে স্টল বরাদ্দ এবং Product Portfolio প্রদর্শনের সুযোগ করে দেয়া হবে। এপ্রেক্ষিতে, বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস উদযাপন ২০২৪ সেমিনার ভেন্যুতে অনুষ্ঠিতব্য Industry Exhibition এ অংশগ্রহণের জন্য Hydrography, Oceanography ও Meteorology সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রস্তুতকারীদের তালিকাভুক্ত প্রতিনিধিদের আমন্ত্রণ জানানো প্রয়োজন।

৩। এমতাবস্থায়, Hydrography, Oceanography ও Meteorology যন্ত্রপাতি প্রস্তুতকারীদের তালিকাভুক্ত স্থানীয় এজেন্ট/প্রতিনিধিদেরকে উক্ত Exhibition এ আমন্ত্রণের জন্য একটি সাধারণ বিজ্ঞপ্তি সংলগ্নীতে যুক্ত করা হলো। বিজ্ঞপ্তিটি যথাযথভাবে প্রচার ও বিতরণের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
এম ইউসুফ আলী  
কমান্ডার বিএন  
পক্ষে পরিচালক

সংলগ্নীঃ

১। সাধারণ বিজ্ঞপ্তি - ০১ (এক) পাতা।

বিতরণঃ

বহিস্থঃ

কার্যঃ

প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়

নতুন বিমান বন্দর সড়ক

তেজগাঁও, ঢাকা-১২১৫

NSSD DHAKA	
DATE:	০৫.০৫.২৪
FILE NO:	৫৫৫০
OIC:	৭.১৭.০৫
AOIC:	
LPO (DTS)	
LPO (DTS)	৪২০/০৫
LPO (DTS)	৪/০৫
OIC SHIPPING:	
OIC CASH:	
AO (CIM):	
ACTION:	see

১

সীমিত

সীমিত

অধিনায়ক  
নৌ উপভাড়ার চট্টগ্রাম  
নিউমুরিং, চট্টগ্রাম

✓ ভারপ্রাপ্ত কর্মকর্তা  
নৌ উপভাড়ার ঢাকা  
বানৌজা শেখমুজিব  
নামাপাড়া, খিলক্ষেত, ঢাকা

২

সীমিত

সীমিত

## সাধারণ বিজ্ঞপ্তি

বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৪ উপলক্ষ্যে INDUSTRY EXHIBITION এ অংশগ্রহণ

১। আগামী ২৫ জুন ২০২৪ তারিখে বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীর তত্ত্বাবধানে ঢাকায় একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত নৌসদর কর্তৃক গৃহীত হয়েছে। সেমিনারটি ঢাকার বিজয় সারগীতে অবস্থিত বঙ্গাব্দু সামরিক যাদুঘরের মাল্টিপারপাস হলে আয়োজন করা হবে। বর্ণিত সেমিনারে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসেস ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটির সকল সংস্থার উচ্চপদস্থ প্রতিনিধিগণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা সংস্থার সদস্যবৃন্দ এবং দেশের মেরিটাইম সেক্টরের সকল শাখার স্টেইকহোল্ডারগণ অংশগ্রহণ করবেন। তেন্যুতে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসেসের কর্মকান্ড ও যন্ত্রপাতি প্রদর্শন করা হবে। একইসঙ্গে, উক্ত সেমিনারে Hydrography, Oceanography ও Meteorology সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রস্তুতকারী সংস্থাসমূহের স্থানীয় প্রতিনিধিদের অংশগ্রহণে একটি Industry Exhibition আয়োজনেরও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রদর্শনীতে ১০' X ৬' (দশ বাই ছয় ফুট) মাপের স্টল বরাদ্দ এবং Product Portfolio প্রদর্শনের সুযোগ করে দেয়া হবে। এক্ষেত্রে স্টল তৈরি বাবদ ইভেন্টম্যানেজমেন্টকে টাকা ৪০,০০০.০০ (টাকা চল্লিশ হাজার মাত্র) প্রদানের প্রয়োজন হবে।

২। বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৪ সেমিনার তেন্যুতে অনুষ্ঠিতব্য Industry Exhibition এ অংশগ্রহণের বিষয়ে আগ্রহী হলে আগামী ০১ জুন ২০২৪ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

পরিচালক

হাইড্রোগ্রাফি পরিদপ্তর

নৌবাহিনী সদর দপ্তর

বনানী, ঢাকা-১২১৩

ফোনঃ +৮৮ ০১৭৬৯ ৭০২১৭৫

ইমেইলঃ dhydrooffice@gmail.com

dhydro@navy.mil.bd



সীমিত